গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ভূমি ভবন, ৯৮ শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

বিষয় : শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ, চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা |
| তারিখ | : | ২০-১২-২০২৩ খ্রি. |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : | ভূমি সংস্কার বোর্ডের সভাকক্ষ, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পতাকা 'ক' তে সংযুক্ত |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভায় উপস্থিত বোর্ডের সকল কর্মকর্তা ও ভূমি মন্ত্রণালয় এর যুগ্মসচিব ড. মোঃ জাহিদ হোসেন পনির, বিপিএ, এবং ঢাকা জেলার সকল সহকারী কমিশনার (ভূমি) অফিস হতে আগত কানুনগো ও ভূমি সহকারী কর্মকর্তাগণদের পরিচিতি পর্বশেষে সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ অংশীজনদের সঙ্গে সভার বিষয়বস্তু সম্পর্কে উপস্থিত সদস্যদের অবহিত করেন। অতঃপর কার্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | **আলোচ্য বিষয়** | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | | |
| ১। | সেবাগ্রহীতার আস্থা সৃষ্টির লক্ষ্যে সরকারি সেবার মান উন্নত করা। | আলোচনাঃ আলোচনার একপর্যায়ে সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ সেবা প্রার্থী হিসেবে একটি নামজারি সংক্রান্ত সেবার বিষয়ে উল্লেখ করে অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি বিষয়টি নিষ্পত্তির ধরণ পর্যালোচনার জন্য পরামর্শ প্রদান করেন এবং তিনি মত প্রকাশ করেন যে, সার্বিক বিবেচনায় ভূমি অফিস হতে জনগণ বর্তমান ই-নামজারি সিস্টেম, অনলাইন ভূমি উন্নয়ন কর ব্যবস্থা চালু হওয়ায় জনভোগান্তি অনেকাংশে কমে গেছে।<br><br>সিদ্ধান্তঃ<br>(ক) সেবাদাতা ও সেবাগ্রহীতার মাঝে সুসম্পর্ক সৃষ্টি করতে হবে। স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে সেবাগ্রহীতাগণ যাতে সহজে ভূমিসেবা পায় সে বিষয়ে সর্বোচ্চ চেষ্টা রাখতে হবে। | সহকারী কমিশনার (ভূমি)(সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২। | ভূমিসেবায় ডিজিটালাইজেশনের ব্যবহার নিশ্চিতকরণ। | আলোচনাঃ ভূমি মন্ত্রণালয় হতে আগত ড. মোঃ জাহিদ হোসেন পনির, বিপিএ, সভায় বলেন, ভূমিসেবা যে সম্পূর্ণ ডিজিটাইলেজশন করা হয়েছে তার একটি উদাহরণ হিসেবে উপস্থাপন করেন যেখানে ই-নামজারি সংক্রান্ত প্রতিটি তথ্য রোবট এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে পাওয়া যাচ্ছে। তাছাড়া তিনি স্মার্ট ভূমি সেবা প্রদান ও ওয়ানস্টপ সার্ভিস সম্পর্কে ডিসপ্লের মাধ্যমে উপস্থাপন করেন।<br><br>সিদ্ধান্তঃ<br>(ক) ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনা ও ভূমিসেবায় ডিজিটালাইজেশনের পদক্ষেপ সম্পর্কে জনগণের মাঝে প্রচার করতে হবে এবং তাদেরকে অবহিত করণের মাধ্যমে সচেতন করে গড়ে তুলতে হবে। স্মার্ট ভূমিসেবা প্রদানে ওয়ানস্টপ সার্ভিস সম্পর্কে জনগণকে সম্পৃক্ত করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি)(সকলা) |
| ৩। | সিটিজেন'স চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থপনা এবং তথ্য অধিকার আইন বাস্তবায়ন। | আলোচনাঃ বোর্ডের উপ-ভূমি সংস্কার কমিশনার-৩ জনাব মোঃ রেজাউল কবীর তাঁর ব্যক্তব্যে উল্লেখ করেন যে, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন মাঠ পর্যায়ের প্রত্যেক ভূমি অফিসে থাকতে হবে এবং সাধারণ জনগণকে অবহিত করতে হবে। তিনি আরও বলেন যে, সিটিজেন চার্টার হালনাগাদ ও নামজারি সেবা ২৮ দিনে সম্পন্ন করার নির্দেশনা থাকলেও অনেক ক্ষেত্রে বিষয়টি প্রতিফলিত হচ্ছে না।<br><br>সিদ্ধান্তঃ<br>(ক)মাঠ পর্যায়ের সকল অফিসে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে এবং সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার আইন সম্পর্কে সেবাগ্রহীতাদেরকে অভিহিত করতে হবে।<br><br>(খ) ভূমি সংস্কার বোর্ডে মাঠ পর্যায়ের অনিয়ম ও নাগরিক সেবার বিষয়ে কোনো অভিযোগ দাখিল করা হলে দ্রুত অভিযোগ নিষ্পত্তি করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি)(সকলা) |
| ৪। | মাঠ পর্যায়ে বাজেট বরাদ্দ | আলোচনাঃ ঢাকা জেলার মাঠ পর্যায় হতে আগত কানুনগো ও ভূমি সহকারী কর্মকর্তাগণকে তাদের অফিস ব্যবস্থাপনা ও বোর্ড হতে প্রাপ্ত বাজেট বরাদ্দ সম্পর্কে ভূমি সহকারী কর্মকর্তা কোতয়ালী ভূমি অফিসে কর্মরত জনাব কামরুজ্জামান বলেন, ইউনিয়ন ভূমি অফিসের জন্য যে বরাদ্দ প্রদান করা হয় তা অপ্রতুল। তাছাড়া বর্তমানে ডিজিটাল ভূমিসেবার কারণে প্রচুর কাগজ, কালি, কম্পিউটার, ইন্টারনেট প্রয়োজন এবং এসবের বিদ্যুৎ বিল নিজ উদ্যোগে প্রিপেইড মিটারে পরিশোধ করতে হচ্ছে। সেক্ষেত্রে ইউনিয়ন ভূমি অফিসে সরাসরি বরাদ্দ প্রদান করা যায় কিনা সে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ |

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্তঃ<br>(ক) ইউনিয়ন ভূমি অফিসের বাজেট বরাদ্দ প্রাপকদের নিকট যথাসময়ে প্রেরণ নিশ্চিতে সংশ্লিষ্টদের সাথে সমন্বয় করতে হবে। ইউনিয়ন ভূমি অফিসে ইন্টারনেট সচল রাখতে কার্যকর বিশেষ উদ্যোগ নিতে হবে।<br><br>(খ) বিধি মোতাবেক ইউনিয়ন ভূমি অফিসে বাজেট বৃদ্ধি করতে হবে। | |
| ৫ | বিবিধ | আলোচনাঃ ল্যান্ডজোনিং এর মাস্টার প্ল্যান, জমির শ্রেণি বিন্যাস, ব্যবহারভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়, সংস্থার ভূমি উন্নয়ন করের বকেয়া আদায়ের ক্ষেত্রে ভূমি সহকারী কর্মকর্তাগণ সহকারী কমিশনার (ভূমি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণদের সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট কর্মকর্তা আদায়ের ব্যবস্থা নিবেন।<br><br>তিনি আরও বলেন, প্রতিটি ইউনিয়ন ভূমি অফিসে কতজন সেবাগ্রহীতা ও কতগুলো হোল্ডিং আছে তা চিহ্নিত করে জমির মালিকানা নির্ধারণ স্বাপেক্ষে ক্যাটাগরি নির্ধারণ করে ইউনিয়ন পরিষদের সার্ভিস সেন্টারে ডাটা এন্ট্রি করার পরামর্শ দেন।<br><br>পরবর্তী স্টেকহোল্ডার সভায় বিরূপ মন্তব্য লিখন সাংবাদিক, ভূমিসেবা পেয়েছে বা পায়নি এরূপ সেবাপ্রত্যাশীগণকে আমন্ত্রণ জানানো হবে। সর্বশেষ মাঠ পর্যায় হতে আগত কর্মকর্তাগণদের মধ্যে হতে সহকারী কমিশনার (ভূমি), সাভার সদর উপজেলা ভূমি অফিসের কানুনগো জনাব জিয়াউদ্দিন মাহমুদ বলেন, ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস নিয়ে যত বিরূপ মন্তব্য থাকুক না কেন প্রকৃতপক্ষে মাঠ পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীরাই নিরলসভাবে কাজ করে যাচ্ছে এবং ভূমি মন্ত্রণালয় এর ৩ (তিন)টি আন্তর্জাতিক পুরস্কার অর্জিত মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীরা সহায়তা করেছে।<br><br>সিদ্ধান্তঃ<br>(ক) ই-নামজারি প্রস্তাবপত্রে/খসড়া খতিয়ানে ভুল সংশোধন করার বিষয়ে কোন সমস্যা থাকলে ভূমি মন্ত্রণালয় এবং সফটওয়্যার বিষয়ক টেকনিক্যাল কমিটির সাথে আলোচনা করা যেতে পারে।<br><br>(খ) প্রতিটি ইউনিয়ন ভূমি অফিসে সেবাগ্রহীতা ও হোল্ডিং সংখ্যা চিহ্নিত করে ইউনিয়ন পরিষদের সার্ভিস সেন্টারে ডাটা এন্ট্রি করার বিষয়টি একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে পরবর্তী করণীয় নির্ধারণ করা যেতে পারে।<br><br>(গ) পরবর্তী স্টেকহোল্ডার সভায় বিরূপ মন্তব্য লিখন সাংবাদিক, ভূমিসেবা পেয়েছে বা পায়নি এরূপ সেবাপ্রত্যাশীগণকে আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | (ক) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫<br><br>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬<br><br>(গ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, বিপিএএ
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন নং-০২-৮১৭০১৪৩
ই-মেইল-chairman@lrb.gov.bd

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৫.০০১.২৩.১২৫

তারিখ : ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রি.

<u>সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
২। যুগ্মসচিব, ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ এবং শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়
৩। উপ-ভূমি সংস্কার কমিশনার- ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
৫। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৪/৫/৬
৬। চেয়ারম্যান (সচিব) এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা
৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার সংস্কার বোর্ড, ঢাকা
৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। অফিস কপি

খৃষ্টফার হিমেল রিছিল
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন: ০২-৪১০১০৪৫৪
ই-মেইল : alrc3@lrb.gov.bd